যুগান্তর

তারিখ 17 MAR 2015
পৃষ্ঠা ১৭ কলাম ৩

# ঢাবিতে শেষ হল তথ্যপ্রযুক্তিবিষয়ক আন্তর্জাতিক সামিট

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার**

পৃথিবীব্যাপী চলমান জ্ঞানের প্রতিযোগিতায় টিকে থাকার জন্য তথ্যপ্রযুক্তির সঠিক ব্যবহারের আহ্বান জানিয়ে শেষ হল তথ্যপ্রযুক্তিবিষয়ক দু'দিনব্যাপী আন্তর্জাতিক সামিট 'মিট বিডিরেন-২০১৫'। সোমবার বিকালে ঢাকা বিশ্ববিদ্যালয় নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সামিটের সমাপনী অনুষ্ঠান হয়েছে। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) ওই সামিটের আয়োজন করে।

সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক ও ইউজিসির সদস্য অধ্যাপক ড. মো. আখতার হোসেনের সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ইউজিসির চেয়ারম্যান অধ্যাপক ড. এ কে আজাদ চৌধুরী। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমেদ, বিশ্বব্যাংক ঢাকার সিনিয়র অপারেশন অফিসার ড. মোখলেছুর রহমান, পিডিসিবির ব্যবস্থাপনা পরিচালক মাসুম আল বেরুনী প্রমুখ